শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা
www.lgd.gov.bd

স্থানীয় সরকার বিভাগের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ১৪-০২-২০১৭ তারিখে রাজশাহী ও রংপুর বিভাগের পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকারগণের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভার তারিখ ঃ ১৪ ফেব্রুয়ারী, ২০১৭খ্রিঃ।
সভার স্থান ঃ স্থানীয় সরকার বিভাগের লাইব্রেরী কক্ষ।
সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিতির তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বিভাগ ও জেলা থেকে আগত পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। সভাপতি জানান স্থানীয় সরকার প্রতিষ্ঠানের তদারকি ও ব্যবস্থাপনায় পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। তৃণমূল পর্যায়ে গণতন্ত্রের চর্চা ও উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ৫টি স্তরের কার্যক্রম মূল্যায়নে এই বিভাগ তথা এই উইং দায়িত্ব পালন করে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে শক্তিশালী করতে হলে সংশ্লিষ্ট আইন ও বিধি সম্পর্কে ভালোভাবে জানতে হবে। গতানুগতিক পরিদর্শন প্রতিবেদনে পরিবর্তন আনতে এবং এগুলোকে আরও তথ্যবহুল, বাস্তব ভিত্তিক ও সুনির্দিষ্টভাবে উপস্থাপন করতে হবে। তিনি আরও বলেন, সরকারের উন্নয়ন বাজেটের বিশাল অংশ স্থানীয় সরকার বিভাগ ব্যয় করে কিন্তু তার কোন প্রচার নাই। এক্ষেত্রে যখন পরিদর্শনে যাবেন সেখানকার মিডিয়াকে জানাতে হবে। প্রকল্পের তথ্যাদি সাইনবোর্ডে দেয়ার ব্যাপারটি খেয়াল রাখতে হবে যাতে জনগণ তথ্য জানা থেকে বঞ্চিত না হয়। মানসম্পন্ন কাজ নিশ্চিত করতে হবে। ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও উপজেলা পরিষদের মেম্বার/কাউন্সিলরদের যথাযথভাবে স্থানীয় উন্নয়ন কার্যক্রমে সম্পৃক্ত করা হচ্ছে কিনা তা দেখতে হবে এবং মহিলা সদস্যদের যথাযথ গুরুত্ব দিতে হবে।

২। সভাপতি উপস্থিত সকলকে একে একে আলোচনায় অংশ গ্রহণের আহবান জানালে পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণ তাদের বক্তব্য উপস্থাপন করেন।

উপপরিচালক স্থানীয় সরকার, নওগাঁ সভায় জানান যে, প্রকল্প গ্রহণের ক্ষেত্রে পৌরসভার মেয়র ও সচিব মিলে প্রকল্প গ্রহণ করে। এতে গৃহীত প্রকল্প সম্পর্কে অন্য সদস্যদের কোন ধারণা থাকেনা। তিনি মত প্রকাশ করেন যে, এক্ষেত্রে কার্যবিবরণীতে সকল সদস্যদের স্বাক্ষর গ্রহণ করা হলে সংশ্লিষ্ট সকলে এ সম্পর্কে অবগত থাকবেন।

উপপরিচালক স্থানীয় সরকার, নাটোর সভায় জানান যে, প্রমাপ অনুযায়ী দেখতে হলে যে পরিমান জ্বালানী প্রয়োজন সে পরিমান পাওয়া যায় না, গাড়ীর জ্বালানী বাড়ানো দরকার।

উপপরিচালক স্থানীয় সরকার, সিরাজগঞ্জ সভায় জানান যে, কেবিনেটের নির্দেশনা অনুযায়ী উপপরিচালকগণ ক- শ্রেণীর পৌরসভা পরিদর্শন করতে পারে না। এতে ক-শ্রেণীর পৌরসভার উন্নয়ন পকল্পের বিষয়টি নজরদারি করা সম্ভব হয় না। বিষয়টি পরিবর্তনের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষন করেন।

উপপরিচালক স্থানীয় সরকার, রাজশাহী সভায় জানান যে, কিছু কিছু পৌরসভা হাটের টাকা দেখিয়ে ক-শ্রেণীতে উন্নীত হয়েছে। হোল্ডিং ট্যাক্স বা নিজস্ব আয়ের উপর ভিত্তি করে শ্রেণী পরিবর্তন করা হলে বিষয়টি যথাযথভাবে করা সম্ভব হত।

এডিসি, নীলফামারী সভায় জানান যে, উপপরিচালক, স্থানীয় সরকারগণকে পরিদর্শন কাজে সহায়তা দেয়ার জন্য জেলা প্রশাসকগণকে পত্র দেয়ার ব্যাপারে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

উপপরিচালক স্থানীয় সরকার, বগুড়া সভায় জানান যে, জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ পর্যাপ্ত নয়। তাদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার উপর গুরুত্ব আরোপ করেন। পৌরসভা এবং ইউনিয়ন পরিষদের ট্যাক্স আদায় বৃদ্ধি এবং হালনাগাদ করার উপর সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ প্রসঙ্গে সভাপতি জানান স্থানীয় সরকার প্রশিক্ষণ ইনস্টিটিউট

৪৮

কর্তৃক পৌরসভার মেয়র ও কাউন্সিলরদের প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হচ্ছে। এছাড়া এলজিএসপি ও বিভিন্ন প্রকল্পের আওতায় ইউপি চেয়ারম্যান ও মেম্বারদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে।

উপপরিচালক স্থানীয় সরকার, দিনাজপুর সভায় জানান যে, ইউনিয়ন পরিষদের ১% অর্থ সংশ্লিষ্ট পরিপত্রটি হালনাগাদ করা যায় কিনা এ ব্যাপারে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
১। মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত প্রমাপ অনুযায়ী পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকারগণকে স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও উন্নয়ন প্রকল্প পরিদর্শন করতে হবে। বৃহত্তর জেলাগুলোতে সম্ভব হলে আরো বেশী সংখ্যক দর্শন/পরিদর্শন করা যেতে পারে। ২। পরিদর্শনের সময় চলমান প্রকল্পের পাশাপাশি সমাপ্ত প্রকল্প পরিদর্শনের উপর জোর দিতে হবে এবং প্রকল্প এলাকায় বড় সাইনবোর্ডে প্রকল্প সংক্রান্ত তথ্যাদি প্রদর্শন করা হচ্ছে কিনা তা দেখতে হবে। ৩। পরিদর্শন প্রতিবেদনের শেষ অংশের মতামত/মন্তব্য ক্রমিক নম্বর দিয়ে সুপারিশ/পরামর্শ আকারে দিতে হবে। ৪। উন্নয়ন কার্যক্রমে ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ এবং পৌরসভার সদস্য/কাউন্সিলদের সম্পৃক্ত করতে হবে। বিশেষ করে মহিলা সদস্যদের যথাযথভাবে সম্পৃক্ত করার বিষয়টি পরিদর্শনকালে নিশ্চিত করতে হবে।	পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী/রংপুর বিভাগ।
৫। ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও উপজেলা পরিষদ সম্পর্কে ২নং অনুচ্ছেদের আলোচনার বিষয়ে অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ ও অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ এর দৃষ্টি আকর্ষণ করা হলো।	অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ ও অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
৬। উপপরিচালক, স্থানীয় সরকারগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সকল জেলা প্রশাসককে পত্র দিতে হবে।	মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
৭। পরিচালক ও উপপরিচালক স্থানীয় সরকারগণকে পরিদর্শন প্রতিবেদনের সফট কপি এ বিভাগের মহাপরিচালক এঁর নিকট ই-মেইলে পাঠাতে হবে।	পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)।
৮। ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ ও পৌরসভার জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।	মহাপরিচালক, এনআইএলজি এবং পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)।

পরিশেষে আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৩/২/১৭
(এ এস এম মাহবুবুল আলম)
মহাপরিচালক
ও
সভাপতি

স্মারক নং-৪৬.০৯৯.০২৫.০১.০১.০০১.২০১১- ৩৭ তারিখঃ ২৬-০২-২০১৭খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
০৩। মহাপরিচালক, এনআইএলজি, আগারগাঁও, ঢাকা

০৪। বিভাগীয় কমিশনার, সকল বিভাগ।
০৫। যুগ্মসচিব, মওম্/ইউপি/উপজেলা/নগর উন্নয়ন-১,২, স্থানীয় সরকার বিভাগ।
০৬। পরিচালক, স্থানীয় সরকার, সকল বিভাগ।
০৭। উপসচিব, জেপ/সিটি কর্পোঃ-১,২/পৌর-১/ইপ-১,২, স্থানীয় সরকার বিভাগ।
০৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা।
০৯। সিনিয়র সহকারী সচিব (উজে-২), স্থানীয় সরকার বিভাগ।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১১। সহকারী সচিব, মনি-২,৩/মূল্যায়ন-১,২,৩/পৌর-২, স্থানীয় সরকার বিভাগ।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
১৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।

(লুৎফুন নাহার) 24/4/2007
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫১৪৬১১